

এসএসসি ও সমমানে ৮০.৩৯ শতাংশ পাস

সর্বোচ্চ পাস বরিশাল বিভাগে, সর্বনিম্ন সিলেটে

নিজস্ব বার্তা পরিবেশক

: শুক্রবার, ২৮ জুলাই ২০২৩



এসএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ হয়েছে আজ (শুক্রবার)। এ বছর পাসের হার ৮০ দশমিক ৩৯ শতাংশ। বিদেশি কেন্দ্রে পাসের হার ৮৫ দশমিক ৩৩ শতাংশ।

এ বছর বোর্ডভিত্তিক সর্বোচ্চ পাস বরিশাল বিভাগে। সর্বনিম্ন পাস সিলেট বিভাগে। শুক্রবার (২৮ জুলাই) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে পরীক্ষার ফলের বিস্তারিত তথ্য তুলে ধরেন শিক্ষামন্ত্রী দীপু মনি।

এর আগে সকালে গণভবনে এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলের কপি হস্তান্তর করেন শিক্ষামন্ত্রী। প্রাপ্ত ফলে দেখা গেছে, এ বছর বরিশাল বিভাগে পাসের হার ৯০ দশমিক ১৮ শতাংশ। অপরদিকে, সিলেট বিভাগে পাসের হার ৭৬ দশমিক ০৬ শতাংশ।

এছাড়া ঢাকা বোর্ডে ৭৭ দশমিক ৫৫ শতাংশ, রাজশাহীতে ৮৭ দশমিক ৮৯ শতাংশ, কুমিল্লায় ৭৮ দশমিক ৪২ শতাংশ, যশোরে ৮৬ দশমিক ১৭ শতাংশ, চট্টগ্রামে ৭৮ দশমিক ২৯ শতাংশ, দিনাজপুরে ৭৬ দশমিক ৮৭ শতাংশ এবং ময়মনসিংহে ৮৫ দশমিক ৪৯ শতাংশ শিক্ষার্থী পাস করেছেন।

মাদ্রাসা শিক্ষা বোর্ডে ৭৪ দশমিক ৭০ শতাংশ ও কারিগরিতে ৮৬ দশমিক ৩৫ শতাংশ শিক্ষার্থী পাস করেছেন।

১১টি শিক্ষা বোর্ডের অধীনে এ বছর ২০ লাখ ৪১ হাজার ৪৫০ পরীক্ষার্থী ছিল। এর মধ্যে ছাত্র সংখ্যা ১০ লাখ ৯ হাজার ৮০৩ জন, ছাত্রী সংখ্যা ১০ লাখ ৩১ হাজার ৬৪৭ জন। অতীতে কখনও ছুটির দিনে (শুক্রবার) পাবলিক পরীক্ষার ফল প্রকাশ করা হয়নি। এবারই প্রথম ছুটির দিনে ফল প্রকাশ করা হলো।